

একনজরে

মেয়েদের বাঁচাতে সচেতনতা

■ কৃষ্ণনগর: বাল্যবিবাহ থেকে শুরু করে ধর্ষণ, মেয়েদের ওপর অ্যাসিড হামলার ঘটনা দেশজুড়ে প্রায়ই ঘটছে। এ সবের বিরুদ্ধে মানুষকে সচেতন করতে মোটরবাইক সচেতনযাত্রা শুরু করলেন কৃষ্ণনগরের বছর টোত্রিশের দুই যুবক। কৃষ্ণনগর থেকে তাঁরা গোমুখ পর্যন্ত মোটরবাইক সচেতন যাত্রা করবেন। এই রাস্তার মাঝে যে সব শহর এবং গ্রাম পড়বে, সেই সব শহরে তাঁরা বাসিন্দাদের সচেতন করবেন। তাঁরা এই অভিযানের নাম দিয়েছেন 'সেভ আওয়ার গার্লস'। রাজকুমার দত্ত এবং প্রোজ্জ্বল ভট্টাচার্য নামে ওই দুই যুবক রবিবার সকালে কৃষ্ণনগর থেকে মোটরবাইক সচেতন যাত্রা শুরু করেছেন। এ দিন তাঁদের রওনা হওয়ার সময় নদিয়ার অতিরিক্ত জেলাশাসক (জেলা পরিষদ) শেখর সেন উপস্থিত ছিলেন। তিনি বলেন, "জেলা প্রশাসন থেকে ওঁদের আর্থিক সাহায্য করা হয়েছে।"

১৫/১১ (১৫/১১)

১২/১১ (১২/১১) ২০১৮

